

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০২

(২০০২ সনের ১৩ নং আইন)

২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

২০০১-২০০২ অর্থ- বত্সরের জন্য সংযুক্ত তহবিল হইতে

২। ২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরে যে সকল ব্যয় উক্ত বত্সরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫এ উল্লিখিত ছয়শত ঊননব্বই কোটি সাতান্ন লক্ষ ঊনিশ হাজার টাকার অনধিক ৬৮৯,৫৭,১৯,০০০ প্রিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

টাকা প্রদান

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরে তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।